DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 13 Sep 2026, 02:19 PM

সারাদেশ

# মান্দায় পৃথক অভিযানে চোলাই মদের উপাদান ও ইয়াবাসহ গ্রেপ্তার ২

প্রতিবেদক: মান্দা (নওগাঁ) প্রতিনিধি
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM




নওগাঁর মান্দা উপজেলায় পৃথক মাদকবিরোধী অভিযানে চোলাই মদ তৈরির উপাদান (ওয়াশ) ও ইয়াবা ট্যাবলেট উদ্ধার করেছে পুলিশ। এ ঘটনায় দুজনকে গ্রেপ্তার করা হয়েছে। পাশাপাশি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে পৃথক দুটি মামলা দায়ের করা হয়েছে।

পুলিশ সূত্রে জানা যায়, গত শুক্রবার (২৪ জুলাই) রাত ৭টা ৫০ মিনিটে মান্দা থানার এসআই আশীষ কুমার সান্যালের নেতৃত্বে পুলিশের একটি দল উপজেলার ১ নম্বর ভারশো ইউনিয়নের ভারশো ঋষিপাড়া গ্রামে অভিযান চালায়। এ সময় স্বপন ঋষি (৩৫) নামে এক ব্যক্তির বাড়ির বারান্দার মাটির নিচে বিশেষ কৌশলে লুকিয়ে রাখা প্রায় ৮০ লিটার ওয়াশ (চোলাই মদ তৈরির উপাদান) উদ্ধার করে জব্দ করা হয়।

এ ঘটনায় স্বপন ঋষিকে গ্রেপ্তার করা হয়েছে। একই মামলায় দুলাল ঋষির স্ত্রী লক্ষী (৫২) ও স্বপন ঋষির স্ত্রী সুমিত্রা (২৮) পলাতক রয়েছেন। তাদের বিরুদ্ধেও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা করা হয়েছে।

অন্যদিকে, একই দিন রাত সাড়ে ৭টার দিকে এসআই মো. তরিকুল ইসলামের নেতৃত্বে পুলিশের আরেকটি দল ভারশো ইউনিয়নের

চৌবাড়িয়া হাট এলাকায় অভিযান চালায়। এ সময় নিয়ামতপুর উপজেলার সাদাপুর (জিগাবাড়ি) গ্রামের বাসিন্দা সুজিত শীলকে (২৫) ১৪টি ইয়াবা ট্যাবলেটসহ গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তার সুজিত শীলের বিরুদ্ধেও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা দায়ের করেছে মান্দা থানা পুলিশ।

পুলিশ জানিয়েছে, মাদক নির্মূল ও মাদক কারবার দমনে এ ধরনের অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

---

## এ বিভাগের আরও খবর



**আশুগঞ্জে রুমিন ফারহানাকে অবাঞ্ছিত ঘোষণা, বিএনপির ঝাড়ু মিছিল**
জাতীয় সংসদে বিএনপির সমালোচনা করে দেওয়া বক্তব্যের প্রতিবাদে ব্রাহ্মণবাড়িয়ার আশুগঞ্জে ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের স্বতন্ত্র সংসদ সদস্য ব্যারিস্টার...




**সাতক্ষীরায় সড়ক দুর্ঘটনায় পথচারীর মৃত্যু**
সাতক্ষীরায় যাত্রীবাহী বাসের ধাক্কায় আব্দুল মাজেদ (৬০) নামে এক পথচারী নিহত হয়েছেন। আজ রোববার সকাল সাড়ে ১০টার দিকে সাতক্ষীরা-খুলনা মহাসড়কে...



**পদ্মায় নিখোঁজ ছাত্রদল নেতা রকির মরদেহ উদ্ধার**
কুষ্টিয়ার ভেড়ামারায় পদ্মা নদীতে নৌকা ভ্রমণে গিয়ে হার্ডিঞ্জ ব্রিজের পিলারের সঙ্গে ধাক্কা লেগে নিখোঁজ ঝিনাইদহের শৈলকুপার পৌর ছাত্রদলের সদস্য...




**ব্রাহ্মণবাড়িয়ায় কনসার্ট ইস্যুতে সমঝোতা, মানতে হবে যে শর্ত**

ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজের নবীনবরণ উপলক্ষে কনসার্ট আয়োজনকে কেন্দ্র করে সৃষ্ট বিরোধের অবসান হয়েছে। শনিবার (১৩ সেপ্টেম্বর) সন্ধ্যায় ব্রাহ্মণ...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/saradesh/manday-prithk-obhijane-cholai-mder-upadan-o-iyabash-greptar-2